

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

রেজিস্ট্রার অফিস

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

ফোন: ০২৩৩৪৪৬৬১৫৩, ফ্যাক্স: ০২৩৩৪৪৬৬২৭০

ই-মেইল: registrar@cvasu.ac.bd, registrar@cvasu@gmail.com

ওয়েবসাইট: cvasu.ac.bd

নং- সিভাসু/রেজি:/পি-২০১০/২০০৯/১৩৪৫

তারিখ: ২৯/১২/২০২০ খ্রি.

অফিস আদেশ


চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ‘অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিষ্ট’ জুয়েল মো: বিল্লাল-এর বিরুদ্ধে আনীত অসদাচরণ, ডিজারশন ও আর্থিক দুর্নীতির অভিযোগ তদন্ত কমিটির নিকট সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় ও তার (জুয়েল মো: বিল্লাল) অপরাধের বিষয়ে অকাট্য তথ্য-প্রমাণ থাকায় এবং তাকে আত্মপক্ষ সমর্থনে কারণ দর্শানো নোটিশের জবাবে তার কৃত অপরাধ স্বীকার করায়, বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পর্ষদ (সিভিকিট) তদন্ত কমিটির সুপারিশ এবং বিজ্ঞ আইনজীবীর মতামত পর্যালোচনায় সে (জুয়েল মো: বিল্লাল) একজন Habitual Offender হওয়া সত্ত্বেও মানবিক দিক বিবেচনাপূর্বক তাকে (জুয়েল মো: বিল্লাল) ‘বাধ্যতামূলক অবসর দান’ বা ‘চাকুরী হতে অপসারণ’ বা ‘চাকুরী হতে বরখাস্তকরণ’-এর পরিবর্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি), (সি), (ডি) [বর্তমান সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩নং বিধির (খ), (গ), (ঘ)] মোতাবেক দোষী সাব্যস্ত করত: একই বিধিমালা (১৯৮৫)-এর বিধি ৪(৩)(এ) [বর্তমান বিধিমালা (২০১৮)-এর ৪নং বিধির ৩(১)(ক)] অনুসারে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তাকে (জুয়েল মো: বিল্লাল) নিম্নোক্ত গুরুদণ্ড প্রদান করা হ’ল:

- (১) তাকে (জুয়েল মো: বিল্লাল) ‘অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিষ্ট’ (গ্রেড-১৬) পদ হতে নিম্নপদ অর্থাৎ ‘সিনিয়র অফিস সহায়ক’ (গ্রেড-১৭) পদে অবনমিতকরণ করা হ’ল।
- (২) তাকে (জুয়েল মো: বিল্লাল) সিভিকিটের তারিখ অর্থাৎ ২৯/১২/২০২০ তারিখ চাকুরীতে নিম্নপদে ১৭নং গ্রেডের প্রারম্ভিক বেতন স্কেলে (মূল বেতন টা: ৯০০০/-) পুনর্বহাল করা হ’ল। নিম্নপদে পুনর্বহালের তারিখ (২৯/১২/২০২০) হতে তার (জুয়েল মো: বিল্লাল) চাকুরী গণনাযোগ্য হবে।
- (৩) তাকে (জুয়েল মো: বিল্লাল) সিভিকিটের তারিখ হতে চাকুরীতে পুনর্বহাল (নিম্নপদ)-এর পূর্বের কোন বকেয়া আর্থিক সুবিধাদি প্রদান করা হবেনা।
- (৪) তার (জুয়েল মো: বিল্লাল) সাময়িক বরখাস্তে থাকাকালীন সময় (১১/০৩/২০১৫ হতে ২৮/১২/২০২০) পেনশনের জন্য গণনাযোগ্য হবেনা এবং সাময়িক বরখাস্তকালীন প্রাপ্য খোরাকী ভাতা আদায়যোগ্য হবেনা।

২। অদ্য ২৯/১২/২০২০ তারিখ অনুষ্ঠিত সিভিকিটের ৪৬তম অধিবেশনে গৃহীত ০৫নং সিদ্ধান্তমূলে এ আদেশ জারি করা হ’ল এবং এ আদেশ সিভিকিট অধিবেশন অর্থাৎ ২৯/১২/২০২০ তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

৩। তাকে (জুয়েল মো: বিল্লাল) অবনমিতকরণ পদে (সিনিয়র অফিস সহায়ক) আগামী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হ’ল।

কর্তৃপক্ষের আদেশক্রমে,



(মীর্জা ফারুক ইমাম)
রেজিস্ট্রার

নং- সিভাসু/রেজি:/পি-২০১০/২০০৯/১৩৪৫ (২৫)

তারিখ: ২৯/১২/২০২০ খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। ডিন, ভেটেরিনারি মেডিসিন/ফুড সাইন্স এন্ড টেকনোলজি/ফিশারিজ অনুষদ, সিভাসু।
- ২। পরিচালক/বিভাগীয় প্রধান/অফিস প্রধান/প্রক্টর/প্রভোস্ট, বীর মুক্তিযোদ্ধা এম.এ. হান্নান হল/বঙ্গমাতা ফজিলাতুলেছা হল, সিভাসু।
- ৩। পিএস টু ভিসি, সিভাসু (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৪। নিরাপত্তা কর্মকর্তা, সিভাসু।
- ৫। জুয়েল মো: বিল্লাল, সিনিয়র অফিস সহায়ক, সিভাসু। (স্থায়ী ঠিকানা: জুয়েল মো: বিল্লাল, পিতা- মোহাম্মদ ইসমাইল, গ্রাম- মরিয়ম মঞ্জিল, পূর্বপাইক পাড়া, ডাকঘর- ব্রাহ্মণবাড়ীয়া-৩৪০০, থানা ও জেলা- ব্রাহ্মণবাড়ীয়া)।
- ৬। আইসিটি সেল, সিভাসু।
- ৭। নথি/মহানথি।


(নাসির আহমদ) ২৯/১২/২০২০